

Meaning of Philosophy

(দর্শনের অর্থ)

Education Hons. (Semester – II)

Course Type : CC-4

Unit-1

Sub Unit-1.1

by
Patit Paul
Assistant Professor
Dept. of Education
Azad Hind Fouz Smriti Mahavidyalaya
Domjur, Howrah
patitpaul.gentle@gmail.com

শিখন উদ্দেশ্য : দর্শনের অর্থ সমন্ধে ধারণা গঠন

অধ্যয়ন শেষে শিক্ষার্থীরা নিম্নলিখিত প্রশ্নটির
উত্তর দিতে সক্ষম হবে :

দর্শনের অর্থ ও সংজ্ঞা লেখো।

দর্শনের অর্থ :

- দর্শন জ্ঞানের একটি বিভাগ নয়। এটি হল সত্যের জন্য অনুসন্ধান (Search for truth)। দর্শন মনের একটি দৃষ্টিভঙ্গি (An interest or attitude of mind)। ভারতে 'দর্শন' মানে 'তত্ত্বদর্শন' – চোখ দিয়ে দেখা নয়। এই দেখা হল জগৎ ও জীবনের স্বরূপ উপলব্ধি করা। দর্শনের ক্ষেত্রে জ্ঞান আংশিক হবে না, জ্ঞান হবে সামগ্রিক ও সর্বজনীন। আচরণগত দিক থেকে জ্ঞানকে প্রয়োগ করে সত্য প্রতিষ্ঠা করতে হবে। আর এই জ্ঞানরাশিকে প্রজ্ঞার স্তরে বোধির পর্যায়ে উত্তরিত করে জীবনচর্যা গড়ে তুলতে হবে। আসলে সামগ্রিক জীবনবীক্ষাই দর্শন।

দর্শনের সংজ্ঞা :

- দর্শনের কোনো সর্বজনগ্রাহ্য সংজ্ঞা দেওয়া খুব সহজ নয়। তা ছাড়া দর্শনের সংজ্ঞা নিয়ে নানা মতভেদও আছে। কেউ বলেন – বিশ্ব জগৎও জীবন অথবা তত্ত্ব বা বস্তুর যথার্থ স্বরূপ উদ্ঘাটনই দর্শন। কারও মতে – ঈশ্বর, আত্মা, অমরত্ব ইত্যাদি প্রশ্ন নিয়ে দর্শন আলোচনা করে। অনেকে বলেন, বৈজ্ঞানিক জ্ঞানের যুক্তিসম্মত বিচারবিশ্লেষণ দর্শনের আলোচ্য বিষয়। আবার কেউ বলেন – সামগ্রিকভাবে তত্ত্বের সুশৃঙ্খল ও সুসংবদ্ধ আলোচনাই দর্শন।
- প্লেটো (Plato) বলেন, “শাস্বত ও বস্তু স্বরূপের জ্ঞানলাভ করাই দর্শনের লক্ষ্য” (Philosophy aims at the knowledge of the eternal of the essential nature of things)।

অ্যারিস্টটল (Aristotle) বলেন, “সত্তা স্বরূপত যা এবং এই স্বরূপের অঙ্গীভূত যেসব বৈশিষ্ট্য, তার অনুসন্ধান করে যে বিজ্ঞান তাই হল দর্শন” (Philosophy is the science which investigates the nature of being as it is in itself and the attributes which belong to it in virtue of its own nature)।

- হেগেল (Hegel) বলেন, “শাস্বতের, ঈশ্বরের স্বরূপের এবং ঈশ্বরের স্বরূপ থেকে নির্গত জিনিসের জ্ঞানই হল দর্শন” (Philosophy is the knowledge of that which is eternal of what God is and what flows out of his nature)।
- কোঁৎ (Kumte) বলেন, “দর্শন হল সকল বিজ্ঞানের বিজ্ঞান” (Philosophy is the science of all sciences)।

পলসন (Polson) বলেন, “দর্শন হল সমস্ত বৈজ্ঞানিক জ্ঞানের সমষ্টি”
(Philosophy is the sum total of all scientific knowledge)।

- ভুন্ড (Wundt) বলেন, “ভিন্ন ভিন্ন বিজ্ঞানের লব্ধ জ্ঞানকে একটি সুসামঞ্জস্য সমগ্রতায় একীকরণই দর্শন” (Philosophy is the unification of all knowledge obtained by the special sciences in a consistent whole)।
- কান্ট (Kant) বলেন, “দর্শন হল জ্ঞান সম্পর্কীয় বিজ্ঞান ও তার সমালোচনা” (Philosophy is the science and criticism of cognition)।
- ফিকটে (Fichte) বলেন, “দর্শন হল জ্ঞানের বিজ্ঞান” (Philosophy is the science of knowledge)।

হার্বার্ট স্পেন্সার (Herbert Spencer) বলেন, “দর্শন হল পরিপূর্ণ ঐক্যবদ্ধ জ্ঞান-দর্শনের সামান্যীকরণ, যা বিজ্ঞানের ব্যাপকতম সামান্যীকরণগুলিকে উপলব্ধি করে এবং তাদের ঐক্যবদ্ধ করে” (Philosophy is completely unified knowledge – the generalisations of philosophy comprehending and consolidating the widest generalisations of science)।

- মারভিন (Marvin) বলেন, “দর্শন হল সত্যের প্রতি অনুরাগ – জ্ঞানের এমন এক পূর্ণ ভান্ডার সব সত্য যার অন্তর্ভুক্ত এবং যাতে সব সত্য এক মহান অখন্ডতা বা তন্ত্রের মধ্যে সুবিন্যস্ত” (Philosophy is love for truth - the complete body of knowledge that includes in it all truth organised into one great system)।

শিক্ষার্থীদের কাজ :

- দর্শনের অর্থ ও সংজ্ঞা লেখো।